রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, আগস্ট ২৯, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৩-আইন/২০১৮।**—অপরাধ সম্পর্কিত পারস্পরিক সহায়তা আইন, ২০১২ (২০১২ সনের ৪নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১), General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর section 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ০৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১৮ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩২-আইন/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্রমিক নং ১ এর পর নিম্নরূপ ক্রমিক নং ১ক সন্নিবেশিত হইবে, যথা :—

"১ক। এই প্রজ্ঞাপন জারির পূর্ব পর্যন্ত বাতিলকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫২(ক)-আইন/২০১৪ দ্বারা কেন্দ্রীয় কর্তৃপক্ষ (Central Authority) হিসাবে নির্ধারিত বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল এর কার্যালয় কর্তৃক অপরাধ সম্পর্কিত বিষয়ে পারস্পরিক সহায়তা সংক্রান্ত কোন বিদেশী রাষ্ট্রে প্রেরিত বা কোন বিদেশী রাষ্ট্র হইতে গৃহীত কোন অনুরোধের পরিপ্রেক্ষিতে সূচিত যে কোন কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে, উহা বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল এর কার্যালয় নিষ্পত্তি করিবে।"।

২। ইহা ৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আরিফুজ্জামান**
যুগ্মসচিব (ড্রাফটিং)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd


**মূল্য ঃ** টাকা ৪.০০